তারিখ ... 14 MAY 2017 ...

## একাদশ শ্রেণীতে ভর্তি

# পাঁচ দিনে আবেদন ৫ লাখ

নিজস্ব বার্তা পরিবেশক

পাঁচ দিনে একাদশ শ্রেণীতে অনলাইন ও এসএমএসে ভর্তির জন্য আবেদন জমা পড়েছে প্রায় পাঁচ লাখ। এসএসসি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা এবার ৮টি সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে মোট ৯ হাজার ৮৩টি কলেজে ভর্তির সুযোগ পাচ্ছে। সারাদেশের ভর্তি কার্যক্রম পরিচালিত হচ্ছে আন্তঃশিক্ষা বোর্ড ও ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে।

ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ড. আশফাকুস সালেহীন গতকাল বিকাল সোয়া ৫টায় সংবাদকে বলেন, 'গত ৯ মে বেল. ২টা থেকে ভর্তির আবেদন গ্রহণ শুরু হয়েছে। এখন পর্যন্ত (গতকাল বিকাল সোয়া ৫টা) সারাদেশের কলেজে ভর্তির জন্য আবেদন জমা পড়েছে চার লাখ ৯৫ হাজার ৫৮৪টি। এর মধ্যে অনলাইনে ৪ লাখ ১৫ হাজার ৩৬১টি এবং মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমে ৮২ হাজার ২৯৬টি।'

মোবাইল ফোনে এসএমএসে ভর্তি ফি জমা দিতে গিয়ে অনেক শিক্ষার্থী ভুল নম্বরে টাকা পাঠিয়েছেন জানিয়ে ড. আশফাকুস সালেহীন বলেন, 'আমরা শনিবার এ ধরনের ৪০-৫০টি ভুল চিহ্নিত করেছি, যারা ভুল নম্বরে টাকা পাঠিয়েছে। তবে কাউকেই পুনরায় ফি দিতে হবে না। আমরা এ ভুলগুলো সংশোধনের ব্যবস্থা নিচ্ছি।'

আন্তঃশিক্ষা বোর্ডের তথ্যানুযায়ী, এবার একাদশ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তি সুযোগ পেয়েছে ১০টি শিক্ষা বোর্ডের মোট ৯ হাজার ৮৩টি প্রতিষ্ঠান। এর মধ্যে ৮টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে চার হাজার ৪৯০টি কলেজ, মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ২ হাজার ৭৩৬টি সমমানের মাদ্রাসা এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ১ হাজার ৮৫৭টি কলেজ রয়েছে।

ভর্তি নীতিমালা অনুযায়ী, আগামী ২৬ মে পর্যন্ত কলেজে ভর্তির আবেদন গ্রহণ করা হবে। ২৭-২৯ মে আবেদন যাচাই-বাছাই। পাঁচ দিনে : পৃষ্ঠা : ১৫ ক :৪

## পাঁচ দিনে : আবেদন

(১ম পৃষ্ঠার পর)

প্রথম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ ৫ জুন। ২য় পর্যায়ের ফল প্রকাশ ১৩ জুন। ৩য় পর্যায়ের ফল প্রকাশ ১৮ জুন। ভর্তি ২০ জুন থেকে ২২ জুন এবং ২৮ ও ২৯ জুন।

ভর্তি সংক্রান্ত সব তথ্য, সময়সূচি, ভর্তি নির্দেশিকা, আবেদনের নিয়মাবলি নির্ধারিত ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd এবং স্ব স্ব বোর্ডের ওয়েবসাইট থেকেও জানা যাবে।

গত ৪ মে প্রকাশিত মাধ্যমিক ও সমমানের পরীক্ষায় এবার ১৪ লাখ ৩১ হাজার ৭২২ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে, যাদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে ১ লাখ ৪ হাজার ৭৬১ জন। এসব শিক্ষার্থী ছাড়াও ২০১৫ ও ২০১৬ সালে মাধ্যমিক পাস করা শিক্ষার্থীরাও একাদশ শ্রেণীতে ভর্তির সুযোগ পাবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....................
তারিখ.....................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর